

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৯৩২

১৭/ দুধপান (کتاب الرضاع)

পরিচ্ছেদঃ ১৭/১৬. কুমারী মহিলাকে বিবাহ করা মুস্তাহাব।

استحباب نكاح البكر

আরবী

حديث جَابِرِ بْنِ عَبْدِ اللهِ، قَالَ: كُنْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزَاةٍ فَأَبْطاً بِي جَمَلِي وَأَعْيَا، فَأَتَى عَلَيَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: جَابِرٌ فَقُلْتُ: نَعَمْ قَالَ: مَا شَأْئُكَ قُلْتُ: أَبْطاً عَلَيَّ جَمَلِي وَأَعْيَا فَتَخَلَّفْتُ؛ فَنزَلَ يَحْجُنُهُ بِمِحْجَنِهِ ثُمَّ قَالَ: ارْكَبْ فَرَكِبْتُ فَلَقَدْ رَأَيْتُهُ أَكُفُّهُ عَنْ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: تَرَوَّجْتَ قُلْتُ: اِنَّ لِي أَخُوات، فَرَرِبْتُ فَلَقَدْ رَأَيْتُهُ أَكُفُّهُ عَنْ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: تَرَوَّجْتَ قُلْتُ: اَعْمْ فَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: أَمْا إِنَّكَ قَادِمٌ، فَإِذَا قَالَ: بِكْرًا أَمْ ثَيِّبًا قُلْتُ: إِنَّ لِي أَخُوات، فَأَحْبَبْتُ أَنْ أَتْزَوَّجَ امْرَأَةً تَجْمَعُهُنَّ وَتَمْشُطُهُنَّ وَتَقُومُ عَلَيْهِنَّ؛ قَالَ: أَمَّا إِنَّكَ قَادِمٌ، فَإِذَا قَدَمْتَ فَالْحَبْبُتُ أَنْ أَتَزَوَّجَ امْرَأَةً تَجْمَعُهُنَّ وَتَمْشُطُهُنَّ وَتَقُومُ عَلَيْهِنَّ؛ قَالَ: أَمَّا إِنَّكَ قَادِمٌ، فَإِذَا وَيَعْمُ عَلَيْهِنَّ وَتَمْ مَلَكُ فَالْتُ الْكَيْسَ الْكَيْسَ الْكَيْسَ الْكَيْسَ الْمَعْمَلِي وَتَمْ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ قَبْلِي، وَقَدَمْتُ بِالْغَدَاةِ، فَجِئْنَا إِلَى الْمَسْجِدِ فَوَجَدْتُهُ وَسُلَّمَ قَلْعَ الْعَدَاةِ، فَحِنْنَا إِلَى الْمَسْجِدِ فَوَجَدْتُهُ وَسُلَّمَ عَلَى بَابِ الْمَسْجِدِ قَالَ: الْأَعْ يَرِنَ لَهُ أُوقِيَّةً، فَوَزَنَ لِي بِلاَلٌ فَأَرْجَحَ فِي الْمِيزَانِ فَكَالًا أَنْ يَرُنَ لِي بِلاَلٌ فَأَرْجَحَ فِي الْمِيزَانِ فَالْمَالُولُو مَنْ الْمَالُولُ فَأَلْ عَلَى اللّهِ عَلَى الْمَعْرَانِ فَا الْمَالَعْ الْمَعْرَانِ وَلَا اللهِ عَلَى الْمُعَلَى وَلَكَ تَمْنَ الْمُ لَلْ فَأَرْجَحَ فِي الْمِيرَانِ فَا فَاخْلُقُ مُلَا اللهِ عَلَى الْمَالَعْ الْمَالِكُ فَالَى الْمَالَا فَأَرْبُولُ اللهُ عَلَى الْمَالُولُ فَا الْمُعْلَى وَلَا اللهُ عَلَى الْمَعْلَى الْمَعْرَانِ اللهِ عَلَى الْمَعْمَلَ اللهُ عَلَى الْمَعْرَانَ اللهُ عَلَى الْمُ الْمُولِ الْمُولِقُ الْمُعَلَى الْمُعَلَى الْمُعْرَالُ الْمُ اللهُ اللهُ عَلَى الْمُعَلَى الْمُعَلَى الْمُعْرَالِ اللّهُ اللّهُ الْمَعْرَالَ اللهُ ا

বাংলা

৯৩২. জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক যুদ্ধে আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ছিলাম। আমার উটটি অত্যন্ত ধীরে চলছিল বরং চলতে অক্ষম হয়ে পড়েছিল। এমতাবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে এলেন এবং বললেন, জাবির! আমি বললাম, জী। তিনি জিজ্ঞেস করলেন, তোমার অবস্থা কী? আমি বললাম, আমার উট আমাকে নিয়ে অত্যন্ত ধীরে চলছে এবং অক্ষম হয়ে পড়ছে। ফলে আমি পিছনে পড়ে গেছি। তখন তিনি নেমে চাবুক দিয়ে উটটিকে আঘাত করতে লাগলেন। তারপর বললেন, এবার আরোহণ কর। আমি আরোহণ করলাম। এরপর অবশ্য আমি উটটিকে এমন পেলাম যে, আল্লাহর



রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে অগ্রসর হওয়ায় বাধা দিতে হয়েছিল।

তিনি জিজ্ঞেস করলেন, তুমি কি বিবাহ করেছ? আমি বললাম, হাাঁ। তিনি বললেন, কুমারী না বিবাহিতা? আমি বললাম, বিবাহিতা। তিনি বললেন, তরুণী বিবাহ করলে না কেন? তুমি তার সাথে হাসি-তামাসা এবং সে তোমার সাথে পূর্ণভাবে হাসি-তামাসা করত। আমি বললাম, আমার কয়েকটি বোন রয়েছে, ফলে আমি এমন এক মহিলাকে বিবাহ করতে পছন্দ করলাম, যে তাদেরকে মিল-মহব্বতে রাখতে, তাদের পরিচর্যা করতে এবং তাদের উপর উত্তমরূপে কর্তৃত্ব করতে সক্ষম হয়।

তিনি বললেন, শোন। তুমি তো বাড়ীতে পৌছবে; যখন তুমি পৌছবে তখন তুমি বুদ্ধিমন্তার পরিচয় দেবে। তিনি বললেন, তোমার উটটি বিক্রি করবে? আমি বললাম, হ্যাঁ। তিনি তা এক উকীয়ার বিনিময়ে আমার নিকট হতে কিনে নিলেন। তারপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার আগে (মদীনায়) পৌছলেন এবং আমি (পরের দিন) ভোরে পৌছলাম। আমি মসজিদে নাবাবীতে গিয়ে তাঁকে দরজার সামনে পেলাম। তিনি জিজ্ঞেস করলেন, এখন এলে? আমি বললাম, হ্যাঁ। তিনি বললেন, তোমার উটটি রাখ এবং মসজিদে প্রবেশ করে দুরাকাআত সালাত আদায় কর।

আমি মসজিদে প্রবেশ করে সালাত আদায় করলাম। তারপর তিনি বিলাল (রাঃ)-কে উকীয়া ওজন করে আমাকে দিতে বললেন। বিলাল (রাঃ) ওজন করে দিলেন এবং আমার পক্ষে ঝুঁকিয়ে দিলেন। আমি রওয়ানা হলাম। যখন আমি পিছনে ফিরেছি তখন তিনি বললেন, জাবিরকে আমার কাছে ডাক। আমি ভাবলাম, এখন হয়তো উটিটি আমাকে ফিরিয়ে দেবেন। আর আমার নিকট এর চেয়ে অপছন্দনীয় আর কিছুই ছিল না। তিনি বললেন, তোমার উটটি নিয়ে নাও এবং তার দামও তোমার।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩৪ : ক্রয়-বিক্রয়, অধ্যায় ৩৪, হাঃ ২০৯৭; মুসলিম, পর্ব ১৭: দুগ্ধপান, অধ্যায় ১৮, হাঃ ৭১৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন